

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
[www.nanl.gov.bd](http://www.nanl.gov.bd)

ফরিদ আহমদ ভূঁইয়া  
২৪/১২

**জাতীয় আরকাইভস এর গবেষণা শাখার পরিদর্শন প্রতিবেদন।**

পরিদর্শনের তারিখ : ২৩ ডিসেম্বর ২০১৯, সোমবার, সকাল ৯.৩০ মিনিট

শাখা : গবেষণা ও স্ট্যাক ব্লক

অদ্য সকাল ৯.৩০টায় গবেষণা শাখা ও স্ট্যাক ব্লক পরিদর্শনে করি। গবেষণা কক্ষে দায়িত্ব পালনরত মাইক্রোফিল্ম অপারেটর জনাব মোঃ আবদুস সালাম এবং আউট সোর্সিং এর অফিস সহায়ক জনাব হাসান আল আরমানকে কর্মরত অবস্থায় দেখতে পাই। পরিদর্শনকালে দেখা যায় গবেষণা কক্ষের ফ্রন্ট ডেস্কে রক্ষিত গবেষক রেজিস্টারে গবেষকের পূর্ণাঙ্গ তথ্য লিপিবদ্ধ নাই এবং রিকুইজিশন স্লিপে চাহিত তথ্য না পাওয়ার কোনো রেজিস্টার নাই। গবেষণা কক্ষের ক্যাটালগে দেখা যায় যে, মুখবন্ধে (preface) কর্তৃপক্ষের স্বাক্ষর নাই এবং পৃষ্ঠা নম্বর সংযুক্ত প্রত্যয়ন নাই।

৩য় তলায় স্ট্যাক ব্লকের প্রবেশপথে ভাঙ্গা ট্রলি দেখতে পাই যা দৃষ্টিকটু। স্ট্যাক ব্লকের প্রেস ক্লিপিংস রুমে অনেক ডকুমেন্ট র্যাকের উপরে ডাম্পিং অবস্থায় দেখতে পাই। স্ট্যাক ব্লকের অন্য একটি রুমেও ঢাকা বিভাগীয় কমিশনারের রেকর্ড র্যাকের মধ্যে ডাম্পিং অবস্থায় দেখতে পাই। জরুরিভিত্তিতে এসকল ডাম্পিং রেকর্ড ক্যাটালগ করা প্রয়োজন।

**নির্দেশনাসমূহ :**

- (১) ফ্রন্ট ডেস্কে রক্ষিত গবেষক রেজিস্টারে গবেষকের পূর্ণাঙ্গ তথ্য ঠিকানাসহ লিপিবদ্ধ করতে হবে।
- (২) রিকুইজিশন স্লিপে চাহিত তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট তথ্য একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং সে মোতাবেক সংগ্রহ কার্যক্রম গ্রহণ করতে হবে।
- (৩) স্ট্যাক ব্লকের ৩য় তলায় প্রবেশপথে ভাঙ্গা ট্রলি দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৪) স্ট্যাক ব্লকের সকল ডাম্পিং রেকর্ড ক্রাশ প্রোগ্রামের আওতায় আগামী ৩ মাসের মধ্যে ক্যাটালগ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৫) সকল ক্যাটালগের মুখবন্ধে প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন এবং প্রতিটি ক্যাটালগে পৃষ্ঠা নম্বরসহ সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষর করবেন।

ফরিদ আহমদ ভূঁইয়া  
মহাশিক্ষালয় (অতিরিক্ত চাহিদা)

বিতরণ :

- ১। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। সংশ্লিষ্ট নথি।